সংখ্যাসার।

অর্থাৎ

ইংরাজী ও বাঙ্গলা বিদ্যালয়স্থ ছাত্রগণের

শিক্ষার্থ

পঞ্চভূত, ষড়্রিপু প্রভৃতি আবশ্যকীয়

সংখ্যার পর্য্যায়

সর্ব্বেষাং সুহিতার্থায় রচিতং পুস্তকং ময়া।
তস্য দোষান্ পরিত্যজ্য গুণান্ গৃহ্ণন্তু পণ্ডিতাঃ ॥

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত
প্রণীত।

কলিকাতা।

যুত বাবু গোবিন্দচন্দ্র গুপ্তের দ্বারা সংবাদ সজ্জনরঞ্জন
যন্ত্রে মুদ্রিত হইল।

শকাব্দাঃ ১৭৮৩।

মূল্য ।০ চারি আনা মাত্র।

বিজ্ঞাপন।

—∘∘—

বঙ্গভাষা পাঠ করিতে যাইলে অনেকগুলিন সংখ্যার পর্য্যায় জানা অত্যাবশ্যক, অথচ একালপর্য্যন্ত কোন মহাশয় কর্ত্তৃক এমত একখানি পুস্তক মুদ্রিত হয় নাই, যদ্দ্বারা তদ্বাবৎ জ্ঞাত হওয়া যাইতে পারে। আমি এই অসম্ভাব দূরীকরণ প্রত্যাশায় প্রোৎসাহিত হইয়া এই ক্ষুদ্র পুস্তকখানি সঙ্কলন করিলাম। এতৎ পাঠে এই প্রাচীন ভারতবর্ষের পূর্ব্বকাল-প্রচলিত আচার, ব্যবহার, ধর্ম্ম, কর্ম্ম প্রভৃতির কথঞ্চিত পরিচয়ও পাওয়া যাইতে পারে। ইহা যে সুকুমারমতি বালকগণের পক্ষে কতদূর উপযোগী হইবে, তদ্বিষয়ে অপরিতৃপ্ত রহিলাম, তবে মধ্যে২ দুই একটি কঠিনতর সংখ্যা পরিত্যক্তমতে, তাহারদিগকে এই পুস্তকখানি পাঠ করান যাইতে পারে। যাহাহউক এমত সাহস করা যাইতে পারে, যে ইংরাজী বিদ্যালয়ের উচ্চ শ্রেণীস্থ বঙ্গভাষানুরাগী ছাত্র মাত্রেই ইহার উপযোগিতা উত্তমরূপে অনুভব করিতে পারিবেন। তন্মধ্যে যে সকল পর্য্যায় লিখিত হইল তত্তাবৎ প্রায় প্রত্যেক বাঙ্গালা পুস্তক পাঠ পক্ষে অতি মাত্র প্রয়োজনীয়।

ইহা কি সামান্য দুঃখের ও বিস্ময়ের বিষয় যে ইংরাজী বিদ্যালয়ের কৃতবিদ্য ছাত্রগণের মধ্যে অনেকেই পঞ্চভূত কাহাকে বলে তাহা অবগত নহেন। তাঁহারা পঞ্চভূতকে পাঁচটি প্রেত বলিয়া জানেন।

অতএব পঞ্চভূত, ষড়রিপু এবং সপ্ত চিরজীবী প্রভৃতি আবশ্যকীয় পর্য্যায় ইহার মধ্যে সন্নিবেশিত করা হইল অপর দুরূহ ও অনাবশ্যক বোধে অনেকগুলিন সংখ্যা পরিত্যক্ত হইয়াছে। পুস্তকখানি সহজ করণাশয়ে, প্রতি কঠিন শব্দেরই অর্থ লিখিত এবং প্রায় প্রত্যেক সংখ্যার নিম্নভাগে এক একটু টীকা এবং কুত্রচিৎ এক একটু মন্তব্য বিষয়ও লিখিত হইল।

সংখ্যাবোধক ও সংখ্যার পূরণবোধক এই দ্বিবিধ সংখ্যাবাচক সাধুভাষা শব্দ এবং কতকগুলিন সাঙ্কেতিক শব্দ সকলেরই জানা আবশ্যক বলিয়া পুস্তকের শেষভাগে তত্তাবৎ সন্নিবেশিত হইল। এক্ষণে ইহা সর্ব্বত্র পরিগৃহীত ও ব্যবহৃত হইলে সমস্ত পরিশ্রম সফল বোধ করিব।

পরিশেষে সকৃতজ্ঞচিত্তে বিজ্ঞাত করিতেছি যে সংস্কৃত কালেজের স্মৃতি শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত ভরতচন্দ্র শিরোমণি এবং উক্ত কালেজের সহকারী সম্পাদক শ্রীযুক্ত সোমনাথ মুখোপাধ্যায় অপিচ কলুটোলা স্কুলের হেড্ পণ্ডিত শ্রীযুক্ত শ্যামাকান্ত তর্কপঞ্চানন, এই কয়েক মহাত্মা এই পুস্তকখানি সঙ্কলন পক্ষে বিশেষ সাহায্য করিয়াছেন। এমন কি তাঁহারদিগের অনুকূল্য ভিন্ন আমি কখনই মদারব্ধ কার্য্যে সিদ্ধকাম হইতে পারিতাম না।

১০ চৈত্র
শকাব্দ ১৭৮৩

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।
প্রেসিডেন্সী কালেজ।

সংখ্যাসার।

অয়ন দ্বয়।

দক্ষিণায়ন	১
উত্তরায়ণ	১
	২

অয়ন অর্থাৎ বৎসরার্দ্ধ।

সূর্য্য পূর্ব্বদিকে উদয় হইয়া দক্ষিণদিক্ দিয়া যে ছয়মাস অস্তগত হন তাহাকে দক্ষিণায়ন এবং উত্তরদিক দিয়া যে ছয়মাস অস্তগত হন তাহাকে উত্তরায়ণ কহে।

পক্ষ দ্বয়।

শুক্লপক্ষ	১
কৃষ্ণপক্ষ	১
	২

পূর্ণিমার পর অমাবস্যা অবধি সময়কে কৃষ্ণ পক্ষ, এবং অমাবস্যা হইতে পূর্ণিমা পর্য্যন্ত সম-

ভুবর্লোক	....	দ্বিতীয় লোক
স্বর্লোক	....	সুরলোক, অমরপুর

ত্রিজগৎ।

স্বর্গ	... ...	১
মর্ত্ত্য	... ...	১
পাতাল	... ...	১
		৩

লিঙ্গ ত্রয়।

পুংলিঙ্গ	... ...	১
স্ত্রীলিঙ্গ	... ...	১
ক্লীবলিঙ্গ	... ...	১
		৩

ত্রিগুণ।

সত্ত্ব	....	১
রজঃ	....	১
তমঃ	....	১
		৩

শব্দ	অর্থ
সত্ত্ব ...	প্রকৃতির প্রথম গুণ যদ্দ্বারা সৃষ্টি হয়।
রজঃ	ঐ দ্বিতীয় গুণ ঐ সৃষ্টি রক্ষা হয়।
তমঃ ...	ঐ তৃতীয় গুণ ঐ সৃষ্টি নাশ হয়।

ত্রিতাপ।

আধি দৈবিক ... .

আধি ভৌতিক .. ..

আধ্যাত্মিক ১

৬

শব্দ	অর্থ
আধিদৈবিক	বজ্রাঘাত, উল্কাপাত প্রভৃতি যে তাপ দৈবাধীন ঘটিয়া থাকে।
আধিভৌতিক	যে দুঃখ মনুষ্য, পশু, পক্ষী হইতে হইয়া থাকে।
আধ্যাত্মিক	শরীর কিম্বা মনেতে বাতপিত্ত প্রভৃতির বৈষম্য জন্য বা কাম ক্রোধাদির আধিক্য নিমিত্ত যে দুঃখ হয়

ভাবত্রয়।

পশু	....	....	....	....	১
বীর	....	....	....	....	১
দিব্য	....	....	....	....	১
					৩

বেদোক্ত বিধানে শক্ত্যাদি পূজা যদ্দারা হয় তাহাকে পশু ভাব কহে। মহা আড়ম্বর প্রকারে তন্ত্রোক্ত বিধানে ঐ পূজা যদ্দারা হয় তাহাকে বীর ভাব বলা যায়। এবং মদ্য মাংস সঙ্কল্প দ্বারা বিনাড়ম্বরে ঐ পূজা যদ্দারা হয় তাহাকে দিব্য ভাব কহা যায়।

অপর ভাবত্রয়।

সাত্ত্বিক	....	....	....	....	১
রাজসিক	....	....	....	....	১
তামসিক	....	....	....	....	১
					৩

কেবল ধর্ম্মার্থ জ্ঞানৈশ্বর্য্য প্রকাশকে সাত্ত্বিক ভাব কহা যায়। কাম, ক্রোধ, লোভ, অসন্তোষ

প্রবৃত্তিকে রাজস ভাব বলা যায়। উন্মত্ততা, নিদ্রালস্য, কর্ম্ম বৈগুণ্য নির্দয়তাকে তামস ভাব বলা যায়।

ত্রিকাল।

ভূত ....

ভবিষ্যৎ ....

বর্ত্তমান ....

শব্দ	অর্থ
ভূত	অতীত
ভবিষ্যৎ	অনাগত
বর্ত্তমান	উপস্থিত

বৈয়াকরণেরা এই কালত্রয়কে অনেক প্রকারে বিভক্ত করিয়াছেন। ফলতঃ এস্থলে আমাদিগের তাহা বক্তব্য নহে।

অপর কালত্রয়।

বাল্য ১

যৌবন ১

বার্দ্ধক্য ১

৩

কেহ২ প্রৌঢ়াবস্থাকে কাল বিশেষে পরিগণিত করিয়া থাকেন।

মনুষ্য জীবন এইরূপে হিন্দু পণ্ডিতদিগের মতে তিন ভাগে বিভক্ত হইয়াছে।

দশাত্রয়।

জাগ্রৎ	....	...	..	১
স্বপ্ন	...	...	....	১
সুষুপ্তি	....	..	....	১
				৩

গভীর নিদ্রাবস্থাকে সুষুপ্তি কহে।

ত্রিদোষ।

বাত	..	....	....	১
পিত্ত	...	....	..	১
কফ	....	....	...	১
				৩

শব্দ			অর্থ
বাত	....	....	বায়ু।
পিত্ত	....	....	শরীরের তিক্ত ধাতু।
কফ	....	....	শ্লেষ্মা।

এই দোষত্রয় না থাকিলে শরীরে রক্ত গমনা-গমন এবং শরীর রক্ষা করা ভার হইত। বায়ু, অগ্নি এবং জল দ্বারাই যন্ত্র বিশেষ চালিত হইয়া থাকে।

পদার্থ ত্রয়।

চেতন ....

অচেতন ....

উদ্ভিদ ....

—

শব্দ	অর্থ
চেতন	চেতনা বিশিষ্ট পদার্থ যথা অশ্বাদি।
অচেতন	চেতনা রহিত পদার্থ যথা পুস্তকাদি।
উদ্ভিদ	যাহা ভূমি ভেদে জন্মে যথা লতাদি।

শক্তিত্রয়।

প্রভুশক্তি ১

মন্ত্রশক্তি ১

উৎসাহ শক্তি ১

—

৩

কর্ম্মত্রয়।

নিত্য	....	....	....	১
নৈমিত্তিক	....	....	....	১
কাম্য	....	....	....	১
				৩

যাঁহা না করিলে পাপ হয় তাহাকে নিত্য কর্ম্ম বলে। কোন কারণ বশতঃ যে কর্ম্ম করিতে হয় তাহাকে নৈমিত্তিক এবং কামনা করিয়া যে কার্য্য করা হয় সেই কাম্য।

প্রমাণ চতুষ্টয়।

প্রত্যক্ষ	....	....	....	১
আনুমানিক	....	....	....	১
উপমানিক	....	....	....	১
শাব্দিক	....	....	....	১
				৪

যাহা ইন্দ্রিয় দ্বারা অনুভব হয় তাহাকে প্রত্যক্ষ প্রমাণ কহে। ফল দর্শন করিয়া যাহার হেতু নির্দ্দেশ করা যায়, তাহাকে আনুমানিক কহে,

(যথা। ধূম দৃষ্টে অগ্নি নিরূপণ করা) পরস্পর সৌসাদৃশ্য থাকায় একের দর্শনে অন্যকে নির্দ্দেশ করাকে উপমানিক বলা যায়। আপ্তবাক্য অর্থাৎ দৈববাণী প্রভৃতি বিশ্বস্ত বাক্যকে শাব্দিক প্রমাণ বলে।

চতুর্ব্বেদ।

ঋক ....

যজুঃ ....

সাম ....

অথর্ব্ব ....

হিন্দু শাস্ত্রমতে বেদ অপৌরুষেয় অর্থাৎ কোন পুরুষ কর্ত্তৃক নহে। অনাদি ব্রহ্মা, অগ্নি, বায়ু রবি হইতে গরুর পালানের দুগ্ধের ন্যায় প্রকাশ মাত্র করেন। এবং মহর্ষি ব্যাস উহা শাখা প্রভেদে বিভাগ করিয়াছেন বলিয়া তাঁহার নাম বেদব্যাস নামে খ্যাত হইয়াছে।

চতুরাশ্রম।

ব্রহ্মচর্য্য ....

গার্হস্থ্য ....

বানপ্রস্থ	....	....	....	....	১
ভিক্ষু	....	....	....	....	১
					৪

বানপ্রস্থাশ্রমাবলম্বিরা বনে বাস করেন। বহু কালাবধি ভারতবর্ষীয়েরা উপরি উক্ত আশ্রম চতুষ্টয়ে বিভক্ত হইয়া এই ভারতভূমে বাস করিয়া আসিতেছেন। তন্মধ্যে গৃহস্থাশ্রমাবলম্বিরাই সংখ্যায় অধিক ও বানপ্রস্থাশ্রমাবলম্বিরা অতি অল্প।

চতুর্ব্বর্গ।

ধর্ম	....	....	....	....	১
অর্থ	....	....	....	....	১
কাম	....	....	....	....	১
মোক্ষ	....	....	....	....	১
					৪

এই বর্গ চতুষ্টয়ের মধ্যে কোন না কোন বর্গই প্রায় মনুষ্য মাত্রেই পাইতে ইচ্ছা করিয়া থাকেন।

চতুর্ব্বর্ণ।

ব্রাহ্মণ ....
ক্ষত্রিয় ....
বৈশ্য ... .
শূদ্র ....

অস্মদ্দেশে পূর্ব্বকালে ব্রাহ্মণেরা যাগ ক্রিয়া সম্পাদনে, বেদাদি ধর্ম্মশাস্ত্র পাঠে এ ব্যবস্থাদি দিতে। ক্ষত্রিয়েরা রাজ্যভার গ্রহণে রাজ্য রক্ষার্থ। বৈশ্যেরা ব্যবসায় করিতে এ শূদ্রেরা দাসত্বকার্য্য নির্ব্বাহ করিতে আলিপ্ত কিতেন ও দেশাচারদ্বারা থাকিতে বাধ্য হইতে

পরিমাণ চতুষ্টয়।

প্রাদেশ ....
তাল ....
গোকর্ণ ....
বিতস্তি ... ...

অর্থ

প্রাদেশ তর্জ্জনী সহিত বিস্তৃত অঙ্গুষ্ঠ।

তাল — মধ্যমার সহিত বিস্তৃত অঙ্গুষ্ঠ।

গোকর্ণ — অনামিকার ঐ ঐ।

বিতস্তি — কনিষ্ঠার ঐ বা বিঘত অর্থাৎ হস্তার্দ্ধ।

যুগ চতুষ্টয়।

সত্য	১
ত্রেতা	১
দ্বাপর	১
কলি	১
	৪

চতুর্ব্বিধ মাস।

সৌর	১
চান্দ্র	১
সাবন	১
নাক্ষত্রিক	১
	৪

সূর্য্য এক রাশিতে যাবৎ কাল থাকেন তাহাকে সৌরমাস বলা যায়। চান্দ্রমাস দুই প্রকার মুখ্য চান্দ্র ও গৌণ চান্দ্র।

শুক্ল প্রতিপদাদি অমাবস্যা পর্য্যন্ত মুখ্য চান্দ্র। কৃষ্ণ প্রতিপদাদি পৌর্ণমাসী পর্য্যন্ত গৌণ চান্দ্র হয়। সাধারণতঃ ত্রিশদিনে যে মাস হয় তাহাকে সাবন মাস কহে। অশ্বিনীনক্ষত্র অবধি রেবতীনক্ষত্র পর্য্যন্ত যে কাল তাহাকে নাক্ষত্রিক মাস কহে।

পঞ্চভূত।

ক্ষিতি	....	....	....
অপ	....	....	....
তেজঃ	....	....	....
মরুৎ	....	....	....
ব্যোম	....	....	....

ক্ষিতি-মৃত্তিকা। অপ-জল। তেজঃ-অগ্নি। মরুৎ-বায়ু। ব্যোম-আকাশ।

ভারতবর্ষীয় প্রাচীন পণ্ডিতদিগের মতে এই পঞ্চভূত করণক মনুষ্য দেহ নির্ম্মিত হইয়াছে।

ইউরোপীয় অধুনাতন পণ্ডিতেরা দ্বিষষ্টি প্রকার ভূত আছে ইহা নির্দ্দেশ করিয়াছেন।

কর্ম্মেন্দ্রিয় বা বাহ্যেন্দ্রিয় পঞ্চ।

বাক্ ১
হস্ত ১
চরণ ১
পায়ু ১
উপস্থ ১

৫

পায়ু—গুহ্যদেশ। এবং উপস্থ-লিঙ্গ।

জ্ঞানেন্দ্রিয় পঞ্চ।

চক্ষুঃ ১
কর্ণ ১
নাসিকা ১
জিহ্বা ১
ত্বক ১

৫

ইহাদের কার্য্য।

রূপ, শব্দ, ঘ্রাণ, রস এবং স্পর্শ।

অঙ্গুলি পঞ্চ।

অঙ্গুষ্ঠ ....
তর্জ্জনী .... ,
মধ্যমা ... .
অনামিকা .... ,
কনিষ্ঠা .... ;

৫

অঙ্গুষ্ঠ-বৃদ্ধাঙ্গুলি। তর্জ্জনী-তৎপরাঙ্গুলি
এবং এইরূপ ইত্যাদি।

পঞ্চগব্য।

গোময় ....
গোমূত্র .... ;
দধি .... ;
দুগ্ধ .... ,
ঘৃত .... ;

লক্ষ্মীনারায়ণ প্রভৃতি দেবতাদিগের স্ন

জন্য ও অন্যান্য পূজা উপলক্ষে পঞ্চগব্যের ব্যবহার হইয়া থাকে।

পঞ্চামৃত।

দুগ্ধ	....	....	....	১
দধি	....	....	....	১
ঘৃত	....	....	....	১
মধু	....	....	....	১
চিনি	....	....	....	১
				৫

অস্মদ্দেশীয় বালাস্ত্রীদিগের দ্বিতীয় বিবাহ কালাদিতে পঞ্চামৃত পানের প্রথা আছে।

পঞ্চবটী।

অশ্বত্থ	....	....	....	১
বিল্ব	....	....	....	১
বট	....	....	....	১
ধাত্রী	....	....	....	১
অশোক	....	....	....	১
				৫

ধাত্রী অর্থাৎ আমলকী বৃক্ষ।

পঞ্চবটী স্থলে মৃত্যু হইলে হিন্দুধর্ম্ম মতে মনুষ্যবিশেষ পুণ্যাত্মা বলিয়া প্রতিপন্ন হয়েন।

পঞ্চলবণ।

করকচ	....	....	....
সৈন্ধব	....	...	...
সামুদ্রক	....	..	...
বিট	....	..	....
সচি	..	...	....

পঞ্চচর।

স্থলচর	....	...	....
জলচর	....	....	....
উভচর	..	..	....
দিবাচর	..	....	....
নিশাচর	...	....	....

শ্বেতসর্ষপ	....	....

মুদ্গ অর্থাৎ মুগ এবং সর্ষপ-সরিষা।

এই পাঁচ প্রকার ভিন্ন অন্য প্রকার শস্য নাই এমত নহে। এতাবতা এই কয় প্রকার শস্যমধ্যে শ্রেষ্ঠ। শারদীয় মহাপূজার মৃত্তিকা নির্ম্মিত বেদীতে পঞ্চশস্য বপন করিয়া থাকে

পঞ্চোপচার পূজা।

গন্ধ	....	....	....
পুষ্প	....	....	....
ধূপ	....	....	....
দীপ	....	....	....
নৈবেদ্য	....	....	....

দেবতাদিগের পূজা সামান্যতঃ পঞ্চোপচারেই হইয়া থাকে।

পঞ্চ উপাসক।

গাণপত্য	....	....	....

বসন্তকালে উল্লেখিত পুষ্প কয়েকটি ম দেবের বাণবৎ হইয়া মনুষ্যের অন্তঃকরণকে করে।

অপর পঞ্চবাণ।

সম্মোহন	....	....	....
উন্মাদন	....	..	....
শোষণ	....	....	....
তাপন	..	...	...
স্তম্ভন	...	...	..

ষড়্‌রস।

স্বাদু	....	....	....	....
অম্বল	....	....	....	....
লবণ	....	....	....	....
কটু	...	....	....	....
তিক্ত	....	....	....	....
কষায়	....	....	....	....

স্বাদু-মিষ্ট। কটু-তীব্র-ঝাল।

আহারীয় প্রত্যেক দ্রব্যের আস্বাদ উপরি উক্ত কোন না কোনটি রসের সহিত ঐক্য।

ষড়্ ঋতু।

গ্রীষ্ম	....	....	....	১
বর্ষা	....	....	....	১
শরৎ	....	....	....	১
হেমন্ত	....	....	....	১
শীত	....	....	....	
বসন্ত	....	....	....	
				—
				৬

ঋতু দ্বারা বৎসর বিভাগ।

ঋতু।			মাস।
গ্রীষ্ম	....	....	বৈশাখ ও জ্যৈষ্ঠ।
বর্ষা	....	....	আষাঢ় ও শ্রাবণ।
শরৎ	....	....	ভাদ্র ও আশ্বিন।
হেমন্ত	....		কার্ত্তিক ও অগ্রহায়ণ।
শীত	....	....	পৌষ ও মাঘ।
বসন্ত	....	....	ফাল্গুন ও চৈত্র।

বেদাঙ্গ ষট্।

শিক্ষা	...	....	...
কল্প	...	...	...
ব্যাকরণ	....	...	....
নিরুক্ত	...	....	....
ছন্দঃ	...	....	...
জ্যোতিষ	....	....	....

ষড়্‌রিপু।

কাম	...	....	..
ক্রোধ	....	....	.
লোভ	...	...	...
মোহ	.	....	....
মদ	...	..	....
মাৎসর্য্য	...	..	..

* মোহ-অজ্ঞান। মদ-মত্ততা এবং মাৎসর্য্য পরহিংসা, পরশ্রীকাতরতা।

মনুষ্য মাত্রেই এইছয় প্রকার রিপুপরবশ। তন্মধ্যে প্রত্যেকেতেই কোনটির আধিক্যতা ও কোনটির অল্পতা বিলোকিত হইয়া থাকে।

ষড় দর্শন।

বেদান্ত	....	....	....	১
ন্যায়	....	....	....	১
সাঙ্খ্য	....	....	....	১
পাতঞ্জল	....	....	....	১
মীমাংসা	....	....	....	১
বৈশেষিক	....	....	....	১
				৬

এই ছয় প্রকার প্রধান দর্শন শাস্ত্র আমাদের দেশে অতি প্রাচীন কাল হইতে প্রচলিত আছে।

ষড় বিধ সৈন্য।

মৌল	....	....	....	১
ভৃত্য	....	....	....	১

সুহৃৎ	....	....	....
দ্বিষৎ	....	....	....
আটবিক	....	....	....
বল	....	....	....

শব্দ		অর্থ
মৌল	....	ভূম্যাদির মূল কাড়া।
দ্বিষৎ	....	শত্রু, বৈরি।
আটবিক	....	যাহারা পথাদি পরিষ্কার করে

পূর্ব্বকালে এতদ্দেশীয় সুবিখ্যাত রাজা গণ দিগ্বিজয় ব্যাপার অনুষ্ঠান কালে উল্লেখিত ছয় প্রকার সৈন্য সমভিব্যাহারে লইয়া স্ব২ রাজধানী হইতে যাত্রা করিতেন।

সপ্তসমুদ্র।

লবণ	....	....	....
ইক্ষু	....	....	....
সুরা	....	....	....

সর্পিঃ	....	....	..	১
দধি	....	....	...	১
দুগ্ধ	....	..	....	১
জল	....	....	....	১
				৭

প্রাচীন হিন্দুরা একসময়ে যে অতিমাত্র সভ্যা-বস্থায় সংস্থাপিত হইয়া সপ্তদ্বীপ প্রভৃতির আবি-ষ্ক্রিয়া সম্পাদন করিয়াছিলেন সন্দেহ নাই, যেহেতু মহাসাগরের প্রায় সর্ব্বস্থানেই গমনাগমন করত বোধ হয় জলের আস্বাদন ভেদে তাঁহারা সুবি-স্তীর্ণ মহাসাগরকে সাতভাগে বিভক্ত করিয়া গিয়াছেন।

সপ্তর্ষি।

মরীচি	....	....	....	....	১
অত্রি	..	....	...	....	১
অঙ্গিরা	....	....	....	....	১
পুলস্ত্য	....	....	....	...	১
পুলহ	....	...	...	...	১

ক্রতু	....	....	....	...
বশিষ্ঠ	...	....	....	...

সপ্তচিরজীবী।

অশ্বত্থামা	...	...	...
বলি	..	....	..
ব্যাস	.	...	..
হনুমন্ত	..	..	....
বিভীষণ	...	..	.
কৃপাচার্য্য	..	...	..
পরশুরাম	....	.	...

আমাদের শাস্ত্রে উল্লিখিত সাতজন অমর বলিয়া উক্ত হইয়াছেন। রামায়ণ ও মহাভারত পাঠে উপরি উক্ত মহাত্মা সমুদায়ের জীবনচরিত সবিশেষ জ্ঞাত হওয়া যাইতে পারে।

শাক .... [illegible]

পুষ্কর .... [illegible]

বিষ্ণুপুরাণে এই দ্বীপ সপ্তকের উক্তি আছে; প্রাচীন সুসভ্য ভারতবর্ষীয়েরা তাঁহাদিগের অসামান্য বুদ্ধিকৌশলে উপরি উক্ত সপ্তদ্বীপের আবিষ্ক্রিয়া করিয়াছিলেন, তাহার আর অণুমাত্র সন্দেহ নাই। বিষ্ণুপুরাণে ইহা লিখিত আছে যে, উল্লেখিত প্রত্যেক দ্বীপ, লবণ, ইক্ষু প্রভৃতি প্রত্যেক সমুদ্রে পরিবেষ্টিত। বোধ হয়, আসিয়া ইউরোপ, আফ্রিকা, আমেরিকা দ্বয় ও অষ্ট্রেলিয়া এই ছয়টি মহাদেশ উপরি উক্ত যে কোন ছয়টি দ্বীপের আধুনিক অন্যতর নাম মাত্র।

সপ্তস্ত্রী।

পতিব্রতা ... ... [illegible]

কুলটা .... [illegible]

বৃষলী ... . [illegible]

পুংশ্চলী	....	...	...	১
বেশ্যা	....	...	....	১
যুগী	..	....	..	১
মহাবেশ্যা	....	...	.	১
				৭

প্রথমোক্ত ভিন্ন অপর কএকটি শব্দ প্রায় শাস্ত্রেতে ব্যবহার্য্য হইয়া থাকে।

পৃথিবীর যাবতীয় স্ত্রী জাতই নিজ২ ভিন্ন২ স্বভাব ও চরিত্র ভেদে এই সাত প্রকারে বিভক্ত হইয়াছে।

সর্ব্বপিতা।

কন্যাদাতা	.	.	....	১
অন্নদাতা	..	....	...	১
জ্ঞানদাতা	...	...	...	১
অভয়দাতা	...	....	....	১
জন্মদাতা	...	....	...	১
মন্ত্রদাতা	...	....	....	১

জ্যেষ্ঠভ্রাতা ১

———

৭

এতাবতা উপরি উক্ত সপ্তজনকে পিতৃবৎ ভক্তি করিবেক।

সপ্তাহ।

রবি	...	...	...	১
সোম	...	...	...	১
মঙ্গল	...	...	...	১
বুধ	...	...	...	১
বৃহস্পতি	...	...	...	১
শুক্র	...	...	...	১
শনি	...	...	...	১

———

৭

কি বাঙ্গালা, হিন্দী বা ইংরাজী প্রায় সকল ভাষাতেই বার সকলের নাম, গ্রহাদি হইতে উৎপত্তি হইয়াছে।

সপ্ত অঙ্গ।

স্বামী ১

অমাত্য	....	....	....	১
সুহৃদ্	....	....	....	১
কোষ	....	....	....	১
রাষ্ট্র (রাজ্য)	....	....	....	১
দুর্গ	....	....	....	১
বল				
				৭

রাজ্য বিশেষে উল্লিখিত, সপ্ত অঙ্গেরই আবশ্যক হইয়া থাকে। যে রাজ্যে অঙ্গ বিশেষের অসদ্ভাব হয়, তাহা সমধিক পরাক্রমশালী বলিয়া পরিগণিত হয় না।

অষ্টধাতু।

হিরণ্য (স্বর্ণ)	....	....	....	১
রজত (রৌপ্য)	....	....	....	১
কাংস্য (কাঁসা)	....	....	....	১
পীতল	....	....	....	১
তাম্র (তাঁবা)	....	....	....	১

সীসা	...	...	...
রাঙ	...	...	...
লৌহ (লোহা)	...	...	...

হিন্দু দেবতাদি অষ্টধাতু গঠিত হইয়া থাকে বোধোদয় বা বস্তুবিচার পাঠে এই সকল ধাতুর গুণাদিবিশেষ জানিতে পারা যায়, এইক্ষণে এই পৃথিবীর নানা স্থানে নানা প্রকার ধাতু খনন হইতেছে। বস্তুতঃ একের সহিত অপর ধাতুর যোগেও অনেক ধাতু উৎপন্ন হয়।

বিবাহাষ্টক।

ব্রাহ্ম	...	...	...	১
দৈব	...	...	...	২
আর্ষ	...	...	...	৩
প্রাজাপত্য	...	...	...	৪
আসুর	...	...	...	৫
গান্ধর্ব	...	...	...	৬

পূর্ব্বকালে এই ভারতবর্ষে উপরিউক্ত অষ্ট প্রকার বিবাহ প্রচলিত ছিল, আহ্বান পূর্ব্বক বিদ্বান্ ব্যক্তিকে যে বিবাহে কন্যাদান করা হয় তাহাকে ব্রাহ্ম বিবাহ কহে। যজ্ঞাদি আরম্ভ করিয়া পুরোহিতকে যে কন্যাদান করা হয় তাহাকে দৈব বিবাহ কহে। একটি গাভী অথবা গোমিথুন বরের নিকট লইয়া যে বিবাহে তাঁহাকে কন্যা দান করা যায় তাহাকে আর্ষ বিবাহ বলাযায়। "তোমরা দুইজনে গার্হস্থ্য কর্ম্ম কর,, এইরূপে প্রথমে বাক্য বলিয়া অনন্তর অর্চ্চনা পূর্ব্বক যে কন্যা দান হয় ঐ দান যে বিবাহের সম্পাদক তাহাকে প্রাজাপত্য বিবাহ বলে। কন্যার পিত্রাদিকে ধন প্রদান করিয়া যে বিবাহ সম্পন্ন হয় তাহাকে আসুর বিবাহ কহে। কন্যা বরের পরস্পর অনুরাগে আলিঙ্গনাদি ব্যাপারানন্তর যেবিবাহ হয় তাহাকে

গান্ধর্ব্ব বিবাহ কহে। হরণ সময়ে যদি পিতৃকুল প্রতিকুল হয় তবে তাহাদিগকে হননাদি করিয়া ঐ কন্যার যে দান তাদৃশ দান যে বিবাহের সম্পাদক তাহাকে রাক্ষস বিবাহ বলা যায়। নিদ্রাতে অভিভূত বা মদ্যপানে মত্ত যে কন্যা তাহাকে হরণ পূর্ব্বক অরণ্যে গমন করতঃ যে বিবাহ হয় তাহাকে পৈশাচ বিবাহ কহে। যাবতীয় বিবাহ অপেক্ষা পৈশাচ বিবাহকে অধমতম বলিয়া পরিগণিত হয়।

অষ্টবসু।

ধর্ম ....

ধ্রুব ....

সোম ....

বিষ্ণু ....

অনিল ....

অনল ....

প্রত্যূষ ....

প্রভাব	....	...	....	১

৮

ইঁহারাই মহর্ষি বশিষ্ঠের কামধেনু অপহরণ করত তাঁহার শাপক্রমে গঙ্গার গর্ভে জন্ম গ্রহণ করিয়াই অমনি মানবদেহ পরিত্যাগ পূর্ব্বক দিব্য লোকে গমন করেন। তন্মধ্যে যিনি গোহরণ দোষে বিশেষ দূষিত ছিলেন তিনিই কেবল ভীষ্ম নামে সমস্ত জীবন নরলোকে থাকিয়া মুক্ত হয়েন।

(মহাভারতের আদি পর্ব্বান্তর্গত [illegible] শান্তনু রাজার সহিত গঙ্গার বিবাহ অধ্যায়।)

নবগ্রহ।

রবি	...	...	...	১
সোম (চন্দ্র)	...	..	...	১
মঙ্গল	....	....	...	১
বুধ	.....	....	....	১
বৃহস্পতি	....	....	....	১
শুক্র	....	....	....	১

শনি	....	....	....	
রাহু	....	....	....	
কেতু	....	....	....	১
				৯

অধুনাতন জ্যোতির্ব্বিদ্যা বিশারদদিগের মতে সূর্য্য গ্রহ বলিয়া গণ্য হয়েন না। উপরি উক্ত নবগ্রহ ভিন্ন সিরিজ, প্যালাস, জুনো এবং ভেস্তা প্রভৃতি অনেকানেক ক্ষুদ্র গ্রহ আধুনিক ইউরোপীয় জ্যোতির্ব্বিৎগণ কর্ত্তৃক আবিষ্কৃত হইয়াছে।

নবরত্ন।

ধন্বন্তরি	...	....	....	১
ক্ষপণক	...	....	....	১
অমরসিংহ	....	....	....	
শঙ্কু	....	...	....	১
বেতাল ভট্ট	....	....	....	১
ঘটকর্পর	....	....	....	১
কালিদাস	....	....	....	১

বরাহ মিহির	....	...	....	১
বররুচি	....	...	....	১
				৯

এই মহাত্মারা, মহারাজ বিক্রমাদিত্যের সভা, রত্ন সদৃশই বিমণ্ডিত করতঃ সংস্কৃত ভাষার বিশেষ উন্নতিসাধন করিয়া গিয়াছেন।

নবলক্ষণ।

আচার	....	....	....	১
বিনয়	....	....	...	১
বিদ্যা	....	....	....	১
প্রতিষ্ঠা (গৌরব)	....	....	....	১
তীর্থদর্শন	....	....	....	১
নিষ্ঠা (শ্রদ্ধা)	...	....	....	১
বৃত্তি	....	...	....	১
তপঃ	....	....	....	১
দান	....	....	....	১
				৯

যে সকল ব্রাহ্মণেরা এই নবগুণে গুণান্বিত ছিলেন তাঁহারদিগকেই ভূপতি বল্লাল কুল শ্রেণীতে সংস্থাপিত করিয়াগিয়াছেন।

দশাবতার।

মৎস্য	....	....	....	
কূর্ম্ম	....	....	....	
বরাহ	....	....	....	১
নরসিংহ	....	....	....	১
বামন	....	....	....	১
যামদগ্ন্য (পরশুরাম)		....	....	১
রাম	....	....	....	১
কৃষ্ণ	....	....	....	১
বুদ্ধ	....	....	....	১
কল্কী	....	....	....	১
				১০

ভগবান নারায়ণ উপরি উক্ত পর্য্যায়ক্রমে জন্ম গ্রহণ করিয়া এই ভারতবর্ষে যুগে২ লীলা সম্পাদন করিয়াগিয়াছেন৹ এইরূপ পুরাণাদি হিন্দু শাস্ত্রে

লিখিত আছে, তন্মধ্যে কল্কী, অবতাররূপে এই ক্ষণে আবির্ভাব হয়েন নাই। বিষ্ণুযশা নামক ব্রাহ্মণের গৃহে এই ভাবী অবতার জন্ম গ্রহণ করিবেন।

কল্কী পুরাণে লিখিত আছে।

দশ সংস্কার।

গর্ব্ভাধান			....	১
পুংসবন			....	১
সীমন্তোন্নয়ন			....	১
জাত কর্ম্ম	....	....	....	১
নিষ্ক্রমণ	....	....	....	১
নামকরণ	....	....	....	১
অন্নপ্রাশন	....	....	....	১
চূড়াকরণ	....	....	....	১
উপনয়ন	....	....	....	১
বিবাহ	....	....	....	১

দশদিক।

দক্ষিণ	....	....	....	১
উত্তর	....	....	....	১
পূর্ব্ব	....	....	....	১
পশ্চিম	....	....	....	১
অগ্নি	....	....	....	১
নৈঋ‌ত	....	....	....	১
বায়ু	....	....	....	
ঈশান	....	....	....	১
ঊর্দ্ধ	....	....	....	১
অধঃ	....	....	....	১
				১০

দশদিক পাল।

ইন্দ্র	....	....	....	১
বহ্নি	....	....	....	১
পিতৃপতি (যম)	....	....	....	১
নৈঋ‌ত	....	....	....	১

বরুণ	....	....	....	১
মরুৎ	....	....	....	১
কুবের	....	....	....	১
ঈশ	....	....	....	১
উর্দ্ধেব্রহ্মা	....	....	....	১
অধসি অনন্তঃ	....	....	....	১
				১০

দশদিক পালের দশদিক বিভাগ।

দিকপাল	....	....	দিক
ইন্দ্র	....	....	পূর্ব্ব

বহ্নি	অগ্নি
পিতৃপতি (যম)	দক্ষিণ
নৈঋ্ত	নৈঋ্ত।
বরুণ	পশ্চিম।
মরুৎ	বায়ু।
কুবের	উত্তর।
ঈশ	ঈশান।
ব্রহ্মা	ঊর্দ্ধ।
অনন্তঃ	অধঃ।

দশোপচার পূজা।

পাদ্য	১
অর্ঘ্য	১
আচমনীয়	১
মধুপর্ক (অভাবে স্নানজলং)	১
আচমন	১
গন্ধ	১
পুষ্প	১
ধূপ	১

দীপ	১
নৈবেদ্য	১
	১০

দশোপচার পূজা সামান্যতঃ না হইয়া বিশেষ কার্য্যানুরোধে হইয়া থাকে। বস্তুতঃ সাধারণতঃ হইলেও হানি নাই। কত স্থলে দশোপচার পূজা সামান্যতঃ প্রায় প্রত্যহ হইয়া থাকে।

দ্বাদশ সন্তান।

ঔরস	১
ক্ষেত্রজ	১
দত্তক	১
কৃত্রিম	১
গূঢ়োৎপন্ন	১
অপবিদ্ধ	
কানীন	১
সহোঢ়	১
ক্রীত	১
পৌনর্ভব	১

স্বয়ংদত্ত ১

পারশব ১

—

১২

বিবাহিতাস্ত্রীরগর্ব্ভে স্বামীকর্ত্তৃক উৎপাদিতকে ঔরস বলে. স্বস্ত্রীতে বিধানক্রমে অন্যদ্বারা উৎপাদিতকে ক্ষেত্রজ। মাতা পিতা কর্ত্তৃক দত্ত যে পুত্র সে দত্তক। স্বজাতীয়, পুত্রগুণাক্রান্ত কোন বালককে পুত্র করাকে কৃত্রিম কহে। যাহার ভার্য্যাতে গোপনে স্বজাতীয় জন বিশেষ কর্ত্তৃক পুত্র উৎপাদিত হয় এমত পুত্র গূঢ়োৎপন্ন। মাতা পিতা কর্ত্তৃক পরিত্যক্ত বালককে পুত্ররূপে স্বীকার করা অপবিদ্ধ। বিবাহের পূর্ব্বে কন্যার পিতৃ গৃহে যে পুত্র হয় সে কানীন। গর্ব্ভযুক্ত কন্যার বিবাহ পরে, ঐ গর্ব্ভজাত পুত্রকে সহোঢ় কহে। পিতা মাতার নিকটে অর্থদ্বারা যাহাকে কেনা হয় সে ক্রীত। বিবাহানন্তর পুনর্ব্বার অন্যের ভার্য্যা হওতঃ যে সন্তান জন্মে তাহাকে পৌনর্ভব। মাতা পিতা কর্ত্তৃক অকারণে ত্যক্ত কি মাতা পিতা

বিক্রীত বালক আপনি অন্যের পুত্র হয় সে স্বয়ং দত্ত। ব্রাহ্মণ কামাশক্ত হইয়া শূদ্রাতে যে পুত্র উৎপাদন করেন তাহাকে পারশব কহে।

দ্বাদশ মাস।

বৈশাখ	....	....	....	১
জ্যৈষ্ঠ	...	....	....	১
আষাঢ়	..	...	....	১
শ্রাবণ	....	....	....	১
ভাদ্র	....	....	....	১
আশ্বিন	....	....	....	১
কার্ত্তিক	...	....	....	১
অগ্রহায়ণ	....	...	....	১
পৌষ	....	...	....	১
মাঘ	....	....	....	১
ফাল্গুণ	..	....	....	১
চৈত্র	....	....	....	১

দ্বাদশ রাশি।

মেষ	....	....	....	১
বৃষ	....	....	....	১
মিথুন	....	....	....	১
কর্কট	....	....	....	১
সিংহ	....	....	....	১
কন্যা	....	....	....	১
তুলা	....	....	....	১
বৃশ্চিক (বিছা)	....	....	....	১
ধনু	....	....	....	১
মকর	....	....	....	১
কুম্ভ	....	....	....	১
মীন	....	....	....	১
				১২

জ্যোতির্ব্বিৎ হিন্দু পণ্ডিতদিগের মতে সূর্য্য বৎসরের মধ্যে মেষ, বৃষ প্রভৃতি এই দ্বাদশ রাশিচক্র এক বার পরিভ্রমণ করেন। তন্মধ্যে বৈশাখে মেষে, জ্যৈষ্ঠে বৃষে, আষাঢ়ে

স্থান এবং এইরূপে চৈত্রে মীন রাশিতে অব-

স্থিতি করেন।

পঞ্চদশ তিথি।

প্রতিপদ	১
দ্বিতীয়া	১
তৃতীয়া	১
চতুর্থী	১
পঞ্চমী	১
ষষ্ঠী	১
সপ্তমী	১
অষ্টমী	১
নবমী	১
দশমী	১
একাদশী	১
দ্বাদশী	১
ত্রয়োদশী	১
চতুর্দশী	১
পূর্ণিমা বা অমাবস্যা	১
	১৫

দ্বিতীয় ভাগ চারুপাঠ, পাঠে প্রতিপদ দ্বিতীয়া প্রভৃতি তিথি সমূহের কারণ ও চন্দ্রকলার ক্ষয় বৃদ্ধির বিষয় বিশেষ অবগত হওয়া যাইতে পারে।

ষোড়শ মাতা।

স্তনধাত্রী	....	..	....	১
গর্ভধারিণী	...	..	....	১
গুরুপত্নী	....	....	....	১
ইষ্টদেব পত্নী	....	...	..	১
জন্মধাত্রী	...	....	....	১
পিতার পত্নী	...	..	....	১
কন্যা	....	....	....	১
সহোদরা ভগিনী		....	....	১
পুত্রপত্নী	....	....	....	১
শ্বশ্রূ (শাশুড়ী)	....	....	...	১
মাতামহী	....	.	...	১
পিতামহী	....	....	....	১
ভ্রাতৃবধূ	....	....	...	১
মাতৃস্বসা (মাসী)	..	....	....	১

পিতৃস্বসা (পিসী)	....	....	....	১
মাতুলানী (মামী)	....	....	...	১
				১৬

উপরি উক্ত ষোড়শ পূজনীয়াদিগকে সাতিশয় মান্য এবং ভক্তি প্রদর্শন করা মনুষ্য মাত্রেরই উচিত, এই উদ্দেশেই ইঁহারা মাতৃপদ বাচ্যে কথিত হইয়াছেন।

ষোড়শদান।

ভূমি	....	....	...	১
আসন	....	....	.	১
জল	...	..	...	১
বস্ত্র	....	...	....	১
দীপ	...	....	....	১
অন্ন	....	...	....	১
তাম্বুল	....	....	....	১
ছত্র	....	....	....	১
গন্ধ	....	...	....	১
মাল্য	....	....	....	১

জল	....	....	....	১
শয্যা	..	...	...	১
পাদুকা	...	...	....	১
গো	...	....	....	১
সুবর্ণ	..	...	....	১
রজত	.	....	...	১
				১৬

হিন্দুদিগের আদ্যশ্রাদ্ধে এই ষোড়শদান উৎসর্গ হইয়া থাকে। সামান্যতঃ ভূম্যাদির পরিবর্ত্তে মৃত্তিকাদির ব্যবহার হইয়া থাকে।

ষোড়শোপচারপূজা।

আসন	....	..	...	১
স্বাগত	..	....	....	১
পাদ্য	...	..	....	১
অর্ঘ্য	....	...	....	১
আচমনীয়	....	....	...	১
মধুপর্ক	....	....	...	১
পুনরাচমনীয়	...	....	....	

পানীয় জল	....	....	....	
বস্ত্র	...	....	...	১
আভরণ	....	....	..	১
গন্ধ	....	.	...	১
পুষ্প	..	...	....	১
ধূপ	...	-	....	১
দীপ	..	....	....	১
নৈবেদ্য	...	..	....	১
বন্দন	...	.	....	১
				১৬

দুর্গোৎসব প্রভৃতি বৃহদ্ব্যাপারেই ষোড়শ উপচারে পূজা কার্য্য সম্পন্ন হইয়া থাকে। ফলতঃ অন্যান্য কর্ম্ম কাণ্ডোপলক্ষে ষোড়শ উপচারে পূজা হইলেও অণুমাত্র হানি নাই। অনেক স্থানে নিত্য নিত্যই উপরিউক্ত বিধানে পূজা সমাধা হইয়া থাকে।

অষ্টাদশ পুরাণ।

ব্রাহ্ম	....	....	....	১

পদ্ম ....
বৈষ্ণব ১
শৈব ১
ভাগবত ১
নারদীয় ১
মার্কণ্ডেয় ....
আগ্নেয় ১
ভবিষ্য ১
ব্রহ্মবৈবর্ত্ত ১
লৈঙ্গ ১
বরাহ ১
স্কান্দ ১
বামন ১
কৌর্ম্ম ১
মাৎস্য ১
গারুড় ১
ব্রহ্মাণ্ড ১

এই সকল পুরাণ মধ্যে অনেক উপপুরাণ নিবিষ্ট আছে। পুরাণপাঠে সৃষ্টির বিবরণ রাজাদিগের বংশবিবরণ মন্বন্তর সম্বন্ধীয় ঘটনাবলী এবং বিশেষ২ বংশের বিশেষ২ চরিত্র জানা যাইতে পারে।

সংখ্যাবাচক (বিশেষণ) শব্দ।

সংখ্যাবাচক শব্দ দুই প্রকার-সংখ্যা বোধক এবং সংখ্যার পূরণ বোধক বাঙ্গালা ভাষায় সংখ্যা বোধক শব্দ দুই প্রকারে ব্যবহৃত। সাধুভাষায় প্রচলিত এক প্রকার ও সামান্যতঃ ব্যবহৃত অন্য প্রকার। তন্মধ্যে পূর্ব্বোক্ত প্রকারই নিম্নে লিখিত হইল, যথা—

সংখ্যাবাচক।		পূরণবাচক শব্দ।		
অঙ্ক	নাম			
	এক	১ম	অথবা	প্রথম
	দ্বি	২য়	,,	দ্বিতীয়
	ত্রি	৩য়	,,	তৃতীয়
	চতুর্	৪র্থ	,,	চতুর্থ

সংখ্যাবাচক। পূরণবাচক শব্দ।

অঙ্ক	নাম।	
২২	দ্বাবিংশতি	২২ শ অথবা দ্বাবিংশ
২৩	ত্রয়োবিংশতি	২৩ শ ,, ত্রয়োবিংশ
২৪	চতুর্বিংশতি	২৪ শ ,, চতুর্বিংশ
২৫	পঞ্চবিংশতি	২৫ শ ,, পঞ্চবিংশ

ইত্যাদি।

ঊনবিংশতি অবধি উর্দ্ধ পূরণবাচক শব্দ সকল প্রকৃত সংখ্যা মাত্র বোধক শব্দে (তম) প্রত্যয় যোগে নিষ্পন্ন হয়। যথা,— ঊনবিংশতিতম, বিংশতিতম, একবিংশতিতম শতশততম ইত্যাদি।

সংখ্যাবাচক।

অঙ্ক			নাম
২৬	..	.	ষড়্‌বিংশতি
২৭	..	..	সপ্তবিংশতি
২৮	..	.	অষ্টাবিংশতি
২৯	..	..	ঊনত্রিংশৎ
৩০	....	....	ত্রিংশৎ

সংখ্যাবাচক ।

অঙ্ক	নাম ।
৩১	একত্রিংশৎ
৩২	দ্বাত্রিংশৎ
৩৩	ত্রয়স্ত্রিংশৎ
৩৪	চতুস্ত্রিংশৎ
৩৫	পঞ্চত্রিংশৎ
৩৬	ষট্ত্রিংশৎ
৩৭	সপ্তত্রিংশৎ
৩৮	অষ্টাত্রিংশৎ
৩৯	ঊনচত্বারিংশৎ
৪০	চত্বারিংশৎ
৪১	একচত্বারিংশৎ
৪২	দ্বা বা দ্বিচত্বারিংশৎ
৪৩	ত্রয়ো বা ত্রিচত্বারিংশৎ
৪৪	চতুশ্চত্বারিংশৎ
৪৫	পঞ্চচত্বারিংশৎ
৪৬	ষট্চত্বারিংশৎ
৪৭	সপ্তচত্বারিংশৎ

সংখ্যাবাচক।

	নাম।
৪৮	অষ্টা বা অষ্টচত্বারিংশৎ
৪৯	ঊনপঞ্চাশৎ
৫০	পঞ্চাশৎ
৫১	একপঞ্চাশৎ
৫২	দ্বা বা দ্বিপঞ্চাশৎ
৫৩	ত্রয়ো বা ত্রিপঞ্চাশৎ
৫৪	চতুঃপঞ্চাশৎ
৫৫	পঞ্চপঞ্চাশৎ
৫৬	ষট্‌পঞ্চাশৎ
৫৭	সপ্তপঞ্চাশৎ
৫৮	অষ্টা বা অষ্টপঞ্চাশৎ
৫৯	ঊনষষ্টি
৬০	ষষ্টি
৬১	একষষ্টি
৬২	দ্বা বা দ্বিষষ্টি
৬৩	ত্রয়ো বা ত্রিষষ্টি
৬৪	চতুঃষষ্টি

সংখ্যাবাচক।

অঙ্ক	নাম।
৬৫	পঞ্চষষ্টি
৬৬	ষট্‌ষষ্টি
৬৭	সপ্তষষ্টি
৬৮	অষ্টা বা অষ্টষষ্টি
৬৯	ঊনসপ্ততি
৭০	সপ্ততি
৭১	একসপ্ততি
৭২	দ্বিসপ্ততি
৭৩	ত্রিসপ্ততি
৭৪	চতুঃসপ্ততি
৭৫	পঞ্চসপ্ততি
৭৬	ষট্‌সপ্ততি
৭৭	সপ্তসপ্ততি
৭৮	অষ্টা বা অষ্টসপ্ততি
৭৯	ঊনাশীতি
৮০	অশীতি
৮১	একাশীতি

সংখ্যাবাচক।

অঙ্ক	নাম।
৮২	দ্ব্যশীতি
৮৩	ত্র্যশীতি
৮৪	চতুরশীতি
৮৫	পঞ্চাশীতি
৮৬	ষড়শীতি
৮৭	সপ্তাশীতি
৮৮	অষ্টাশীতি
৮৯	ঊননবতি
৯০	নবতি
৯১	একনবতি
৯২	দ্বা বা দ্বিনবতি
৯৩	ত্রয়ো বা ত্রিনবতি
৯৪	চতুর্নবতি
৯৫	পঞ্চনবতি
৯৬	ষন্নবতি
৯৭	সপ্তনবতি
৯৮	অষ্টা বা অষ্টনবতি

সংখ্যাবাচক।

অঙ্ক			নাম।
৯৯	...	...	নবনবতি
১০০	...	...	শত

সাঙ্কেতিক শব্দ ব্যবহার।

স্থানবিশেষে কতকগুলিন শব্দ সঙ্কেতে ব্যবহার্য্য হয়, যথা—

সাঙ্কেতিক শব্দ।				প্রকৃত শব্দ
আং	....	...		আন্দাজ
ইং	....	...	...	ইস্তক
ইং	....	....	...	ইংরাজি
উং	...	....	....	উত্তর
কিং	....	....	....	কিস্মত
কোং	....	.	....	কোম্পানি
ক্লীং	..	....	....	ক্লীবলিঙ্গ
গুং	....	....	...	গুজরং
চাং	...	...	...	চালান

সাঙ্কেতিক শব্দ।	প্রকৃত শব্দ।
জিং	জিম্মা
তাং	তারিখ
দং	দরুণ
দিং	দিগর
নং	নম্বর
নিঃ	নিবেদন
পং	পরগণা
পুং বা পুঃ	পুনশ্চ
পুং	পুংলিঙ্গ
পাং	পারসী
প্রং	প্রশ্ন
বং	বকলম
বিং	বিমর্জ্জিত
বিং	বিয়ারিং
বাং	বাঙ্গলা
ভাং	ভাণ্ডারী
মং	মবলগ
মাং	মারফত

সাঙ্কেতিক শব্দ।				প্রকৃত শব্দ।
মেং	....	....	....	মেম্বর
মোং	....	....	....	মোকাম
মোং	....	...	....	মোতাবেক
স্ত্রীং	....	....	....	স্ত্রীলিঙ্গ
সাং	....	....	....	সাকিন
সং	....	.....		সংস্কৃত বা সংবাদ
হিং	...	....	....	হিন্দী
হিঃ	....	....	....	হিসাব